

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) হ্যারত বিবি খাদিজা ছাত্রী হলের তিন আবাসিক শিক্ষার্থীকে মাদক সেবনের অভিযোগে আটক করা হয়েছে। গত শুক্রবার রাতে হলের সিঁড়িতে বসে মাদক নেওয়ার সময় কয়েকজন শিক্ষার্থী তাঁদের আটক করেন। পরে খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রট্রিয়াল বডি এবং হলের সহকারী প্রভোস্টরা ঘটনাস্থলে গিয়ে অভিযুক্তদের জিজ্ঞাসাবাদ করে এ বিষয়ে সত্যতা পান।

বিবি খাদিজা হল সূত্রে জানা যায়, শুক্রবার রাতে তিন ছাত্রী হলের ভেতর মাদক সেবন করছিলেন। এ সময় হলটির কয়েকজন শিক্ষার্থী তাঁদের আটক করেন। পরে শিক্ষার্থীরা এ বিষয়টি বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ অধ্যয়ন বিভাগের চেয়ারম্যানকে ফোন দিয়ে অবহিত করেন। খবর পেয়ে প্রট্রিয়াল বডি এবং হলের সহকারী প্রভোস্টরা ঘটনাস্থলে আসেন। তাঁরা আটক শিক্ষার্থীদের জিজ্ঞাসাবাদ করে ঘটনার সত্যতা পান।

নাম প্রকাশে অনিচ্ছুক হলের একাধিক শিক্ষার্থী বলেন, ‘বিবি খাদিজা হলের ভেতর প্রায়ই মাদক সেবন করেন কয়েকজন আবাসিক শিক্ষার্থী। আগে হলের ছাদে গিয়ে তাঁরা মাদক নিলেও এখন হলের ভেতর এ কাজ করছেন তাঁরা। এতে সাধারণ শিক্ষার্থীদের অনেক সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তাঁরা আরো বলেন, ‘আমরা এঁদের হল থেকে বহিক্ষার চাই। আমরা মাদকমুক্ত হল চাই।’

জানা গেছে, এর আগে হলের ছাদে মাদক সেবনের অভিযোগ পেয়ে ছাদে যাওয়ার গেট বন্ধ করে দেয় হল প্রশাসন। এখনো সেটি বন্ধ আছে। ছাদ বন্ধ থাকার কারণে হলের আবাসিক শিক্ষার্থীরা রোদে কাপড়ও শুকাতে পারেন না।

এ ব্যাপারে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের প্রট্টের অধ্যাপক ড. নেওয়াজ মো. বাহাদুর বলেন, ‘পুরো বিষয়টি তদন্ত করা হচ্ছে। তদন্ত সাপেক্ষে অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। মাদকের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় প্রশাসন জিরো টলারেন্স জারি করেছে।’

হল প্রভোস্ট অধ্যাপক আতিকুর রহমান ভূঞ্চা বলেন, ‘হলে মাদক সেবনের বিষয়টি আমি জানার পর সেখানে প্রট্রিয়াল বডি ও সহকারী প্রভোস্ট পাঠাই। আমাদের কাছে অভিযোগপত্র এসেছে, আমরা তদন্ত করে এ ব্যাপারে ব্যবস্থা নেব।’